

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১০ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ২৪ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-২৭৩-আইন/২০২৫/৩১৬-মুসক।—সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ৩ জুন ২০২১ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৪৮-আইন/২০২১/১৪৫-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

- (ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “Customs Act, 1969 (Act No. IV of 1969)” এর পরিবর্তে “কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)” এবং “এর স্থানীয় উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর” শব্দগুলির পরিবর্তে “এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ৩০ জুন ২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত ৫ (পাঁচ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর, ১ জুলাই ২০২৭ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন ২০২৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর, ১ জুলাই ২০২৯ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত ১০ (দশ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর” শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) অনুচ্ছেদ ৭ এ উল্লিখিত “৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে “৩০ জুন ২০৩০ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-১৬৭-আইন/২০২৫/ ২৯৫-মুসক এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব